




চেয়ারম্যান
মোংলা বন্দর কর্তৃপক্ষ
মোংলা, বাগেরহাট-৯৩৫১।
৩০ জুলাই ২০২০

বাণী

আসসালামুআলাইকুম। পবিত্র ঈদ-উল-আযহা ২০২০খ্রিঃ (হিজরী ১৪৪১) উপলক্ষে বন্দরের সর্বস্তরের কর্মকর্তা, কর্মচারী ও বন্দর ব্যবহারকারীসহ সংশ্লিষ্ট সকলকে এবং তাদের পরিবারবর্গকে জানাই আন্তরিক শুভেচ্ছা। “ ঈদ মোবারক ”।

আনন্দ ও ত্যাগের অনন্য মহিমায় উদ্ভাসিত পবিত্র ঈদ-উল-আযহা মহান আল্লাহর প্রতি অপরিসীম আনুগত্যের অনুপম নিদর্শন। প্রিয়সন্তান হযরত ইসমাইল (আঃ) কে মহান আল্লাহর উদ্দেশ্যে উৎসর্গের মাধ্যমে তাঁর সন্তুষ্টি লাভের যে অনুপম দৃষ্টান্ত হযরত ইব্রাহীম (আঃ) স্থাপন করে গেছেন, তা বিশ্ববাসীর জন্য চিরকালই অনুকরণীয় ও অনুস্মরণীয়। ঈদ সব শ্রেণি পেশার মানুষের মধ্যে সম্প্রীতি, সৌহার্দ্য ও ঐক্যের বন্ধনকে সুদৃঢ় করার পাশাপাশি শান্তি, সহমর্মিতা ও ভ্রাতৃত্ববোধের অনুপম শিক্ষা দেয়। সারা বিশ্বের ন্যায় বাংলাদেশেও করোনা ভাইরাসের প্রাদুর্ভাবের কারণে এ বছর ঈদ কিছুটা ভিন্ন আঙ্গিকে উদযাপিত হতে যাচ্ছে। করোনা ভাইরাসের বিস্তৃতি রোধে সর্বোচ্চ সতর্কতা ও যথোপযুক্ত পদক্ষেপ গ্রহণের পাশাপাশি সরকারি নির্দেশনার প্রতি শ্রদ্ধাশীল থেকে স্বাস্থ্যবিধি মেনে, সামাজিক দূরত্ব বজায় রেখে পবিত্র ঈদ-উল-আযহা উদযাপন করার জন্য কর্তৃপক্ষের সকল কর্মকর্তা ও কর্মচারীর প্রতি উদাত্ত আহ্বান জানাচ্ছি। সকলে স্বাস্থ্য সচেতনতা প্রতিপালনের উপর বিশেষ গুরুত্বারোপ করে নিজ এবং পরিবারের স্বাস্থ্য ঝুঁকি এড়াতে সচেত হবেন বলে আশা রাখি। কুরবানী প্রদানে ইচ্ছুক সকল কর্মকর্তা ও কর্মচারী কুরবানীর পশু ক্রয়, ক্রয় পরবর্তী ব্যবস্থাপনা, জবাই ও বিতরণ প্রক্রিয়ায় ব্যবহৃতব্য স্থানসমূহের সার্বিক পরিষ্কার-পরিচ্ছন্নতা নিশ্চিতকরণে সচেত হবেন। এক্ষেত্রে সকল স্তরের কর্মকর্তা ও কর্মচারীর স্বাস্থ্য সুরক্ষার লক্ষ্যে মবক'র কর্মকর্তা-কর্মচারীসহ সিবিএ'র প্রতিনিধিগণের সহনশীল, সহযোগিতামূলক ও উদার দৃষ্টিভঙ্গি একান্তভাবে কাম্য। সকলে খৈর্য খারণ করে বিশ্বব্যাপী চলমান এ সংকট ও মহাদুর্যোগ উত্তরণে মহান আল্লাহর সাহায্য প্রার্থনা করি। স্বাস্থ্যবিধি মেনে, সামাজিক দূরত্ব বজায় রেখে নিকটস্থ মসজিদে ঈদের নামাজ আদায় করতঃ ঈদ উদযাপন করে নিজে সুস্থ থাকুন এবং অন্যকে সুরক্ষিত রাখুন।

চলমান করোনা ভাইরাসের দুর্যোগ কাটিয়ে ২০৪১ সালের উন্নত বাংলাদেশ গড়তে মোংলা বন্দর অগ্রণী ভূমিকা পালন করতে সক্ষম হবে এই প্রত্যাশায় পবিত্র ঈদ-উল-আযহা ২০২০খ্রিঃ উপলক্ষে বন্দরের কর্মকর্তা, কর্মচারী ও বন্দর ব্যবহারকারীসহ সকল শূভানুধ্যায়ীর অফুরন্ত সুখ, শান্তি, সমৃদ্ধি ও সুস্বাস্থ্য কামনা করি।


রিয়ার এডমিরাল এম শাহজাহান